# দীর্ঘ ১০ দিনের চিকিৎসা শেষে আজ হাসপাতাল থেকে বাসায় ফিরবেন জামায়াত আমির ডা.শফিকুর রহমান



সংগৃহীত ছবি

দীর্ঘ ১০ দিনের চিকিৎসা শেষে আজ মঙ্গলবার সকাল সাড়ে ১০টায় হাসপাতাল থেকে বাসায় ফিরেছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমীর ডা. শফিকুর রহমান। রাজধানীর গুলশানের ইউনাইটেড হাসপাতালে সফল কোরোনারি বাইপাস সার্জারির পর চিকিৎসকদের পর্যবেক্ষণে ছিলেন তিনি।

দলীয় সূত্রে জানা গেছে, গত ২ আগস্ট সকালেই ডা. শফিকুর রহমান ইউনাইটেড হাসপাতালে ভর্তি হন। এর আগে ৩০ জুলাই তাঁর এনজিওগ্রামে হৃদপিণ্ডে তিনটি গুরুতরসহ মোট পাঁচটি ব্লক ধরা পড়ে। চিকিৎসকরা বিদেশে উন্নত চিকিৎসার পরামর্শ দিলেও তিনি দেশের চিকিৎসা ব্যবস্থার প্রতি আস্থা রেখে এখানেই অপারেশনের সিদ্ধান্ত নেন।

তাঁর অসুস্থতার সূত্রপাত হয় গত ১৯ জুলাই সোহরাওয়ার্দী উদ্যানে এক সমাবেশে বক্তব্য দেওয়ার সময়। মঞ্চে দাঁড়িয়েই তিনি দুই দফা অসুস্থ হয়ে পড়েন এবং তাৎক্ষণিকভাবে ইবনে সিনা হাসপাতালে ভর্তি করা হয়। প্রাথমিকভাবে ডিহাইড্রেশনের লক্ষণ ধরা পড়লেও পরবর্তী সময়ে বিস্তারিত পরীক্ষায় হার্টে ব্লক শনাক্ত হয়।

২ আগস্ট সকালে বিশেষজ্ঞ চিকিৎসক দলের তত্ত্বাবধানে তাঁর কোরোনারি বাইপাস সার্জারি সফলভাবে সম্পন্ন হয়। অপারেশনের পর কয়েকদিন আইসিইউতে থাকার পর ধীরে ধীরে শারীরিক অবস্থার উন্নতি হয় এবং আজ চিকিৎসকদের অনুমতি নিয়ে তিনি হাসপাতাল থেকে বাসায় ফেরেন।

দলীয় নেতাকর্মীরা জানিয়েছেন, ডা. শফিকুর রহমানের শারীরিক অবস্থা বর্তমানে স্থিতিশীল। চিকিৎসকরা তাঁকে পূর্ণ বিশ্রাম ও নিয়মিত ফলো-আপে থাকার পরামর্শ দিয়েছেন। বাসায় ফেরার খবরে দলীয় নেতা-কর্মী ও সমর্থকদের মধ্যে স্বস্তি ও আনন্দ ফিরে এসেছে।

LENS ASIA